পশ্চিমবঙ্গ সরকার

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যান দপ্তর

**কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**

কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর

স্মারক নং - ১২০/আই.সি.ডি.এস./কে.এস.ওয়াই তারিখ - ১৭/০৮/২০১৮

## অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা পদে নিয়োগের বিজ্ঞপ্তি

কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের (আই.সি.ডি.এস.) অধীন অঙ্গনওয়াড়ী কর্মী এবং অঙ্গনওয়াড়ী সহায়িকা নিয়োগের উদ্দেশ্যে কেবলমাত্র ভারতীয় নাগরিক মহিলা প্রার্থীগণের নিকট হতে নিম্নলিখিত বয়ান অনুযায়ী দরখাস্ত আহ্বান করা হচ্ছে। পদগুলি সম্পূর্ণ সাম্মানিক, স্বেচ্ছা সেবামূলক, অস্থায়ী এবং বাতিল যোগ্য। প্রয়োজনে ঘোষিত পদের সংখ্যা বাড়তে বা কমতে পারে।

- আবেদনকারিকে অবশ্যই নির্ধারিত বয়ানে ছাপানো / ফটোকপি / টাইপ করা কাগজে আবেদন করতে হবে।
- একজন আবেদন কারি একটিমাত্র পদে (অঙ্গনওয়াড়ী কর্মী অথবা অঙ্গনওয়াড়ী সহায়িকা) আবেদন করতে পারবেন।
- দুটি পদের ক্ষেত্রেই লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ - ০৪/১১/২০১৮।

## শূন্য পদের বিবরণ

**অঙ্গনওয়াড়ী কর্মী পদে**

সাধারণ -০৩
তপশীলি জাতি - ০১
তপশীলি উঃ জাতি-০১
ওবিসি-এ - ০১
ওবিসি-বি - ০০
দৈহিক প্রতিবন্ধী-০০
..................
মোট - ০৬ (ছয়)

**অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে**

| গ্রাম পঞ্চায়েতের নাম | দৈহিক প্রতিবন্ধী (PH) | সাধারণ (UR) | তপশীলি জাতি (SC) | তপশীলি উপজাতি (ST) | অন্যান্য অনগ্রসর শ্রেণী-A (OBC-A) | অন্যান্য অনগ্রসর শ্রেণী-B (OBC-B) | মোট শূন্যপদের সংখ্যা TOTAL |
|---|---|---|---|---|---|---|---|
| ঘৃতগ্রাম-১ | ০০ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০২ |
| খাজরা -২ | ০০ | ০২ | ০১ | ০০ | ০০ | ০০ | ০৩ |
| সাঁতরাপুর-৩ | ০০ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০২ |
| কুসুমপুর-৪ | ০০ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০২ |
| বাঘাস্তি-৫ | ০১ | ০৩ | ০২ | ০১ | ০০ | ০১ | ০৮ |
| নছিপুর-৬ | ০০ | ০২ | ০১ | ০০ | ০০ | ০১ | ০৪ |
| কেশিয়াড়ী-৭ | ০০ | ০৪ | ০২ | ০১ | ০২ | ০১ | ১০ |
| লালুয়া-৮ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০১ | ০০ | ০৪ |
| গগনেশ্বর-৯ | ০০ | ০২ | ০০ | ০০ | ০১ | ০০ | ০৩ |
| মোট | ০১ | ১৯ | ০৯ | ০২ | ০৪ | ০৩ | ৩৮ |

## অঙ্গনওয়াড়ী কর্মী পদে আবেদনের নিয়মাবলী

যোগ্যতাঃ ১) প্রার্থীকে কেশিয়াড়ী পঞ্চায়েত সমিতির অধিনস্ত যে কোন গ্রাম পঞ্চায়েত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২) প্রার্থীর বয়স ১৭/০৮/২০১৮ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

অর্থাৎ জন্মতারিখ হবে ১৭/০৮/১৯৭৩ থেকে ১৭/০৮/২০০০ এর মধ্যে।

৩) যে কোন শ্রেণীভূক্ত প্রার্থীর সর্বনিম্ন যোগ্যতা মাধ্যমিক বা সমতুল্য উত্তীর্ণ।

উচ্চতর শিক্ষাগত যোগ্যতার জন্য আবেদনে বাধা নেই।

## অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে আবেদনের নিয়মাবলী

যোগ্যতাঃ ১) প্রার্থীকে কেশিয়াড়ী পঞ্চায়েত সমিতির অধিনস্ত সেই নির্দিষ্ট গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে যে গ্রাম পঞ্চায়েতের শূণ্য পদের জন্য প্রার্থী আবেদন করছেন।

২) প্রার্থীর বয়স ১৭/০৮/২০১৮ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

জন্মতারিখ হবে ১৭/০৮/১৯৭৩ থেকে ১৭/০৮/২০০০ এর মধ্যে।

৩) যে কোন শ্রেণীভূক্ত প্রার্থীর সর্বনিম্ন যোগ্যতা অষ্টম শ্রেণী উত্তীর্ণ।

উচ্চতর শিক্ষাগত যোগ্যতার জন্য আবেদনে বাধা নেই।

## নিয়োগ পদ্ধতি

অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা উভয় পদে নিয়োগ হবে মোট- ১০০ নম্বরের পরীক্ষার উপর ভিত্তি করে। লিখিত ৯০ নম্বর এবং মৌখিক ১০নম্বর।লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩০নম্বর পেলে মৌখিকের জন্য বিবেচনা করা হবে।

**লিখিত পরীক্ষার সিলেবাস -**

| | | |
|---|---|---|
| ক) | বাংলা ভাষায় ১৫০টি শব্দের মধ্যে রচনা (অষ্টম শ্রেণী মানের) | - ১৫ নম্বর |
| খ) | পাটিগণিত (অষ্টম শ্রেণী মানের) | - ২০ নম্বর |
| গ) | পুষ্টি, জনস্বাস্থ্য ও মহিলাদের অবস্থান সংক্রান্ত বিষয় | - ১৫ নম্বর |
| ঘ) | ইংরেজী ভাষা (প্রাথমিক ও সাধারণ ভাষার জ্ঞান) | -২০ নম্বর |
| ঙ) | সাধারণ জ্ঞান | - ২০ নম্বর |

## বিবিধ নিয়মাবলী

১) আবেদনপত্রের খামের উপর পদ, গ্রাম পঞ্চায়েতের নাম ও নম্বর এবং আবেদনকারির সংরক্ষণের জাতি অবশ্যই লিখে দিতে হবে।

২) অস্পষ্ট, অসত্য, অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৩) কোন প্রার্থীর বয়স, বাসস্থান, শিক্ষাগত যোগ্যতা বা অন্য কোন তথ্য গোপন করিলে বা মিথ্যা প্রমানিত হবে নিয়োগ বাতিল হবে।

৪) সরকারি নিয়মানুযায়ী নির্বাচিত অঙ্গনওয়াড়ী কর্মী মাসিক সাম্মানিক ৩০০০.০০ টাকা, অতিরিক্ত সাম্মানিক - ১৮৫০.০০টাকা এবং অঙ্গনওয়াড়ী সহায়িকা মাসিক সাম্মানিক ১৫০০.০০ টাকা, অতিরিক্ত সাম্মানিক - ১৮৫০.০০টাকা করে পাবেন। উভয় ক্ষেত্রেই অবসর গ্রহনের বয়স ৬৫ বছর।

৫) লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য কোনও ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

৬) উক্ত পদে নিয়োগের জন্য নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭) নির্বাচিত প্রার্থীদের পশ্চিমবঙ্গের যে কোন অঙ্গনওয়াড়ী প্রশিক্ষণ কেন্দ্রে সরকারী নিয়ম অনুযায়ী প্রশিক্ষণের জন্য পাঠানো হবে।

## আবেদনের নিয়মাবলী

ক. **প্রার্থীকে আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত শংসাপত্রের স্ব-প্রত্যয়িত ফটোকপি জমা দিতে হবে।**

১) বয়স এর প্রমানপত্র।

২) শিক্ষাগত যোগ্যতা।

৩) সংরক্ষিত জাতির পরিচয়পত্র (মহকুমা শাসক দ্বারা প্রদত্ত)।

৪) প্রতিবন্ধী প্রার্থীদের মেডিক্যাল বোর্ডের সার্টিফিকেট ।

৫) আধার কার্ড ও ভোটার আই.ডি. কার্ড।

৬) অতিরিক্ত যোগ্যতার প্রমানপত্র।

খ. স্থায়ী বাসস্থান এর প্রামানপত্র। (পঞ্চায়েত প্রধান / সভাপতি / বিডিও / বিধায়ক / সাংসদ / সভাধিপতি / মহকুমা শাসক) : (বিজ্ঞপ্তি জারীর ৬মাস পূর্বের শংসাপত্র এ ক্ষেত্রে গ্রাহ্য হবে না।) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

গ. পাশপোর্ট সাইজের ফটো - ২ কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

ঘ. নিজ নাম ও ঠিকানা লেখা ও ৫.০০ (পাঁচ) টাকার ডাকটিকিট লাগানো একটি খাম। (৯ X ৪ ইঞ্চি) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

ঙ. আবেদনপত্র সরাসরি অথবা ডাক যোগে জমা দেওয়া যাবে ১৭/০৮/২০১৮ থেকে ১২/০৯/২০১৮ তারিখের মধ্যে যে কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত।

চ. আবেদনপত্র জমা দিতে হবে নিচের ঠিকানায় -

**কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প (আই.সি.ডি.এস.) দপ্তর।**

**কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১১৩৩।**

স্মারক নং- ১২০(২০)১/আই.সি.ডি.এস./কে.এস.ওয়াই, তাং-১৭/০৮/২০১৮

১) মাননীয় মন্ত্রী ডঃ সৌমেন কুমার মহাপাত্র (সেচ ও জলপথ দপ্তর) এবং চেয়ারম্যান, ডি.এল.এস.এম.সি.।
২) মাননীয়া সভাধিপতি, জেলা পরিষদ পশ্চিম মেদিনীপুর।
৩) মাননীয় সমাজ কল্যান অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার।
৪) মাননীয় জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৫) মাননীয় শ্রী অজিত মাইতি, ভাইস চেয়ারম্যান, ডি.এল.এস.এম.সি.।
৬) মাননীয়া অতিরিক্ত জেলা শাসক (পঞ্চায়েত), পশ্চিম মেদিনীপুর।
৭) মাননীয় বিধায়ক, কেশিয়াড়ী বিধান সভা।
৮) মাননীয় মহকুমা শাসক, খড়্গপুর।
৯) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক,(আই.সি.ডি.এস.), পশ্চিম মেদিনীপুর।
১০) মাননীয় ডি.আই.ও, (এন আই.সি), পশ্চিম মেদিনীপুর।
১১) মাননীয়া সভাপতি, কেশিয়াড়ী পঞ্চায়েত সমিতি।
১২) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, কেশিয়াড়ী।
১৩) মাননীয় অফিসার-ইন-চার্জ, কেশিয়াড়ী থানা।
১৪) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, কেশিয়াড়ী।
১৫-২৩) মাননীয় প্রধান, ............................................ গ্রাম পঞ্চায়েত।
২৪) মাননীয় সাব-পোষ্ট মাষ্টার, কেশিয়াড়ী।
২৫) অফিস নোটিস বোর্ড।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর

# অঙ্গনওয়াড়ী কর্মী পদে আবেদন পত্র

**সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, কেশিয়াড়ী**

| রঙিন পাশপোর্ট মাপের স্ব-প্রত্যয়িত সাম্প্রতিক ছবি |
|---|

**FOR OFFICE USE ONLY**

ROLL NO

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১৩৩, পঃবঃ।

১) আবেদনকারীর নাম ঃ ..........................................................................

✪ আবেদনকারীর নাম (ইংরেজী বড় হরফে) ..........................................................

২)পিতা / স্বামীর নাম ঃ ..........................................................................

৩) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম ঃ ..........................................................................

পোষ্ট ঃ ..............................................., থানা ঃ ..............................................

জেলা ঃ ..............................................., পিন নং ঃ ..............................................

গ্রাম পঞ্চায়েতের নাম ও নং ঃ ........................................., মোবাইল নং - ..............................

৪) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ঃ ..........................................................................

৫) জন্ম তারিখ ঃ ..............................................., ৬) প্রতিবন্ধী কি না ঃ ..............................

৭) সাধারণ / তপশীল জাতি / তপশীলি উপজাতি / ওবিসি (এ) / ওবিসি (বি) ঃ ..............................

আমি শ্রীমতী / কুমারী ............................................... এই মর্মে ঘোষণা করছি যে, প্রদত্ত উপরোক্ত সমূহ তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং এই তথ্য মিথ্যা বা অতিরঞ্জিত প্রমান হলে আমার আবেদন / নিয়োগ বাতিল বলে গন্য হবে এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত হলে আমি কোনরূপ আপত্তি করতে পারব না।

(আবেদনকারীর স্বাক্ষর)

আবেদনের তারিখ ঃ ...............................

---

## ADMIT CARD / প্রবেশ পত্র

কর্মী

রোল নং -

| রঙিন পাশপোর্ট মাপের, সাম্প্রতিক ছবি |
|---|

লিখিত পরীক্ষার দিন এই প্রবেশ পত্র সঙ্গে না আনলে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

১) নাম ঃ ..........................................................................

২) পিতার নাম ঃ ..........................................................................

৩) গ্রাম ঃ ..............................................., পোঃ ..............................................

জেলা ঃ ..............................................., পিন - ....................জি.পি.নং- ..............

কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের বিজ্ঞপ্তি নং-১২০/আই.সি.ডি.এস./কে.এস.ওয়াই, তাং.- ১৭/০৮/২০১৮ অনুযায়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে অঙ্গণওয়াড়ী কর্মী পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সেবামূলক কাজের জন্য আপনি যে আবেদন করেছিলেন, সেই পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী .......... তাং........ টার সময় .......................................................... স্থানে আপনার লিখিত পরীক্ষা নেওয়া হবে। এই পরীক্ষায় উপস্থিতির জন্য কোনও টিএ / ডিএ প্রদত্ত হইবে না এবং নির্ধারিত দিন ও সময়ে উপস্থিত হতে না পারলে আপনার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল, ক্যালকুরেটর নিয়ে আসা যাবে না।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কেশিয়াড়ী

# অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে আবেদন পত্র

## সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, কেশিয়াড়ী

| রঙিন পাশপোর্ট মাপের স্ব-প্রত্যয়িত সাম্প্রতিক ছবি |
| --- |

**FOR OFFICE USE ONLY**

ROLL NO

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১১৩৩, পঃবঃ।

গ্রাম পঞ্চায়েতের নাম ও নং -

১) আবেদনকারীর নাম ঃ ..........................................................................................

✪ আবেদনকারীর নাম (ইংরেজী বড় হরফে) ..........................................................................

২)পিতা / স্বামীর নাম ঃ ..........................................................................................

৩) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম ঃ ..........................................................................................

পোষ্ট ঃ ..........................................., থানা ঃ ..........................................

জেলা ঃ ..........................................., পিন নং ঃ ..........................................

গ্রাম পঞ্চায়েতের নাম ও নং ঃ ..........................................,, মোবাইল নং - ..........................................

৪) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ঃ ..........................................................................................

৫) জন্ম তারিখ ঃ ..........................................., ৬) প্রতিবন্ধী কি না ঃ ..........................................

৭) সাধারণ / তপশীল জাতি / তপশীলি উপজাতি / ওবিসি (এ) / ওবিসি (বি) ঃ ..........................................

আমি শ্রীমতী / কুমারী ........................................... এই মর্ম্মে ঘোষণা করছি যে, প্রদত্ত উপরোক্ত সমূহ তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য এবং এই তথ্য মিথ্যা বা অতিরঞ্জিত প্রমান হলে আমার আবেদন / নিয়োগ বাতিল বলে গন্য হবে এবং আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত হলে আমি কোনরূপ আপত্তি করতে পারব না।

(আবেদনকারীর স্বাক্ষর)

আবেদনের তারিখ ঃ ..........................................

---

## ADMIT CARD / প্রবেশ পত্র

সহায়িকা

রোল নং -

| রঙিন পাশপোর্ট মাপের সাম্প্রতিক ছবি |
| --- |

লিখিত পরীক্ষার দিন এই প্রবেশ পত্র সঙ্গে না আনলে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

১) নাম ঃ ..........................................................................................
২) পিতার নাম ঃ ..........................................................................................
৩) গ্রাম ঃ ..........................................., পোঃ ..........................................
জেলা ঃ ..........................................., পিন - ....................জি.পি.নং- ..................

কেশিয়াড়ী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের বিজ্ঞপ্তি নং-১২০/আই.সি.ডি.এস./কে.এস.ওয়াই, তাং.- ১৭/০৮/২০১৮ অনুযায়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সেবামূলক কাজের জন্য আপনি যে আবেদন করেছিলেন, সেই পরিপ্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী .......... তাং......... টার সময় .......................................................................... স্থানে আপনার লিখিত পরীক্ষা নেওয়া হবে। এই পরীক্ষায় উপস্থিতির জন্য কোনও টিএ / ডিএ প্রদত্ত হইবে না এবং নির্ধারিত দিন ও সময়ে উপস্থিত হতে না পারলে আপনার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল, ক্যালকুলেটর নিয়ে আসা যাবে না।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কেশিয়াড়ী